



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
শেরপুর সদর, শেরপুর



স্মারক নং-১৩.০১.৮৯৮৮.০০২.৫৭.০৩৭.২০-১০২

তারিখ : ১০/০৪/২০২২খ্রিঃ


অফিস আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের খাদ্যবাহক কর্মসূচিতে ইউনিয়ন পর্যায়ে কার্ধারী উপকারভোগীদের জন্য নির্ধারিত মূল্যে খাদ্যশস্য বিক্রয় খাদ্যবাহক কর্মসূচি নীতিমালা, ২০১৭খ্রিঃ মোতাবেক গত ০৭/৪/২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্যবাহক কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শেরপুর সদর উপজেলার ৮নং লছমনপুর ইউনিয়নের জামতলা মোড় ও ১৩নং রৌহা ইউনিয়নের আমতলা বাজার বিক্রয় কেন্দ্রে খাদ্যবাহক কর্মসূচির উপকারভোগীদের মাঝে চাল বিক্রয় কার্যক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে বর্ণিত আবেদনকারীকে খাদ্যবাহক ডিলার হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

ক্রম নং	ইউনিয়নের নাম	ডিলারের নাম ও ঠিকানা	বিক্রয় কেন্দ্রের নাম ও ঠিকানা	উপকারভোগীর সংখ্যা
১	৮নং লছমনপুর	মোছাঃ সাবিনা ইয়াছমিন পিতা- মোঃ সামছুল হক, গ্রাম-ঘিনাপাড়া, পোঃ-কুসুমহাটি শেরপুর সদর, শেরপুর মোবাইল নম্বর-০১৭২৮-৬৫১৫২৫	জামতলা মোড়	৬৪০ জন
২	১৩নং রৌহা	বদিউজ্জামান আকন্দ পিতা-মোঃ সহিদুজ্জামান, গ্রাম-রৌহা মধ্যপাড়া, পোঃ-রৌহা শেরপুর সদর, শেরপুর মোবাইল নম্বর-০১৭১৭-২৩৯৪০৭	আমতলা বাজার	৫৬১ জন

শর্তাবলী :

- ডিলারকে জামানত বাবদ ২০০০০/- (বিশ হাজার) টাকার ফেরতযোগ্য পে-অর্ডার জমা করে, ৩০০/- টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা দিতে হবে;
- ডিলারগণ প্রয়োজ্য ফি চালালের মাধ্যমে সোনালী ব্যাংক শেরপুর শাখায় জমা দিয়ে ডিলার শ্রেণির লাইসেন্স গ্রহণ করতে হবে;
- ডিলারের দোকানের সামনে খাদ্য অধিগুর কতৃক নির্ধারিত মাপ এবং রং এ লিখিত সাইনবোর্ড টাংগিয়ে রাখতে হবে। উক্ত সাইনবোর্ডে খাদ্যশস্য বিক্রয়ের দিন, পরিমাণ, মূল্য, দোকানের ঠিকানা, ডিলারের মোবাইল নম্বর সহ বিক্রয়ের সময় উল্লেখ করতে হবে। এছাড়া বিক্রীর পূর্বে এলাকায় মাইকে বিক্রয়ের তারিখ প্রচার করতে হবে;
- সঠিক সময়ে দোকান খোলা ও বন্ধ নিশ্চিত করা এবং তদারকি কর্মকর্তাকে চাল উত্তোলনের সময় মোবাইলে অবগত করা ও বিক্রীর সময় তদারকি কতৃক মজুত খাতায় চাল বিক্রির অনুমতি গ্রহণ করতে হবে। বিক্রীত খাদ্যশস্যের মাষ্টাররোল তদারকি কর্মকর্তার স্বাক্ষর নিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করতে হবে;
- ডিলারগণ বিক্রয় দিনে ডিজিটাল স্কেলে ওজন করে চাল বিক্রয় করতে হবে। উপকারভোগী পরিবারকে মাসের বরাদ্দ ৩০কেজি চাল এক দফায় প্রদান করতে হবে;
- খাদ্য বিভাগ ও স্থানীয় প্রশাসন ডিলারের বিক্রয় কার্যক্রম তদারকি বা পরিদর্শনকালে খাদ্যশস্য বিক্রয় সংক্রান্ত সকল তথ্য রেকর্ডপত্র, মজুত রেজিস্টার ইত্যাদি চাহিদা অনুযায়ী ডিলার উপস্থাপন করতে বাধ্য থাকবেন;
- ডিলার কতৃক কোন প্রকার অনিয়ম সংগঠিত হলে তার ডিলারশীপ বাতিল করা সহ আইনি ব্যবস্থা গ্রহণ করা হলে ডিলারের পক্ষ হতে কোন আপত্তি করা হবে না;

  
মোঃ নূরুল করিম  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
শেরপুর সদর, শেরপুর

স্মারক নং- ১৩.০১.৮৯৮৮.০০২.৫৭.০৩৭.২০-১০২

তারিখ : ১০/৪/২০২২খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :

- মাননীয় সংসদ সদস্য, শেরপুর-১, প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্যবাহক কমিটি, শেরপুর সদর, শেরপুর
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর
- উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপদেষ্টা, উপজেলা খাদ্যবাহক কমিটি, শেরপুর সদর, শেরপুর
- উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, উপজেলা খাদ্যবাহক কমিটি, শেরপুর সদর, শেরপুর
- ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা) উপজেলা পরিষদ, সদস্য, উপজেলা খাদ্যবাহক কমিটি, শেরপুর সদর, শেরপুর
- উপজেলা কৃষি/সমাজসেবা/পরিসংখ্যান/মহিলা বিষয়ক/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদস্য, উপজেলা খাদ্যবাহক কমিটি, শেরপুর সদর, শেরপুর
- চেয়ারম্যান লছমনপুর/রৌহা ইউনিয়ন পরিষদ, শেরপুর সদর, শেরপুর
- জনাব ..... উপ-সহকারী কৃষি কর্মকর্তা তথা তদারকি কর্মকর্তা, লছমনপুর/রৌহা ইউনিয়ন, শেরপুর সদর, শেরপুর
- জনাব মোছাঃ সাবিনা ইয়াছমিন, খাদ্যবাহক ডিলার, জামতলা মোড়, লছমনপুর ইউনিয়ন, শেরপুর সদর, শেরপুর
- জনাব বদিউজ্জামান আকন্দ, খাদ্যবাহক ডিলার, আমতলা বাজার, রৌহা ইউনিয়ন, শেরপুর সদর, শেরপুর
- অফিস কপি।

  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
শেরপুর সদর, শেরপুর